# ঝুলতে ঝুলতে

সুভাষ মুখোপাধ্যায়

এখন আমার হাড়ে দুব্বো গজাচ্ছে
শিরদাঁড়ার ব্যামোয়।
ভিড়ের বাসে এক পায়ে ঝুলতে ঝুলতে
শিরায় টান ধ'রে
মুঠো যখন আলগা হয়ে আসে
টেলিগ্রাফের তারে
বৃষ্টির শেষে জলের ফোঁটার মতো
যখন আমি টলমল করি
ঘাড় ফিরিয়ে পেছনে তাকাতে
আমার খুব কষ্ট হয়।
আমি আজও মনে রেখেছি
বড়দের সেই বারণ :
চলন্ত গাড়ি থেকে পেছনদিকে মুখ করে
কক্ষোনো নামতে নেই।
আমার বন্ধুরা পৃথিবীকে বদলাবে বলেছিল
ত্বর সইতে না পেরে
এখন তারা নিজেরাই নিজেদের বদলে ফেলেছে।
আমি এক পায়ে এখনও পা-দানিতে ঝুলছি।
মুঠো আলগা হয়ে এলেও, আমার কপাল ভালো,
ঘাড় ফিরিয়ে
কিছুতেই পেছনে তাকাতে পারছি না॥